

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৬.২৯১


তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সরকারি খাদ্যশস্যবাহী যান (ট্রাক/কাভার্ড ভ্যান) চলাচলে সহযোগিতা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে বৈদেশিক উৎস হতে জাহাজের মাধ্যমে খাদ্যশস্য আমদানী এবং খাদ্যশস্যবাহী জাহাজ খালাস খাদ্য অধিদপ্তরের একটি অগ্রাধিকারমূলক কাজ। বর্তমানে বিদেশ হতে আমদানীকৃত খাদ্যশস্য (চাল/গম)বাহী জাহাজ চট্টগ্রাম ও মোংলা বন্দরে খালাস চলমান রয়েছে। এছাড়া, চলতি মার্চ ২০২৬ মাসে আরও ০৬টি জাহাজ ২,২৬,০০০ মে. টন (কম/বেশী) খাদ্যশস্য (চাল/গম) নিয়ে চট্টগ্রাম বন্দর ও মোংলা বন্দরে আসবে। উক্ত জাহাজসমূহ হতে পর্যায়ক্রমে খাদ্যশস্য খালাস করে সড়ক/নৌ/রেলপথে চাহিদা অনুযায়ী সারা দেশের সরকারী গুদামে (এলএসডি/সিএসডি/সাইলো/ফ্লাওয়ার মিল/ওয়্যারহাউজে) প্রেরণ চলমান রয়েছে। তন্মধ্যে সড়কপথে উল্লেখযোগ্য পরিমাণ খাদ্যশস্য ট্রাক/কাভার্ড ভ্যান এর মাধ্যমে পরিবহন অব্যাহত রয়েছে। বিশেষভাবে উল্লেখ্য, নির্দিষ্ট সময়ে জাহাজ খালাস করা না গেলে জাহাজে বিপুল পরিমাণ ডেমারেজ এর উদ্ভব হয়। ফলে উক্ত খাদ্যশস্যবাহী যান (ট্রাক/কাভার্ড ভ্যান) মহাসড়কে চলাচলের জন্য আপনার সহযোগিতা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং জাহাজের ডেমারেজ এড়ানোর নিমিত্ত ১৭ মার্চ ২০২৬ খ্রি. হতে ঈদ পর্যন্ত এবং ঈদ পরবর্তী ০৩ দিনসহ সকল সময়ে মহাসড়কে সরকারি খাদ্যশস্যবাহী যান (ট্রাক/কাভার্ড ভ্যান) চলাচল বাধা-বিহীন রাখার স্বার্থে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি। উল্লেখ্য, সরকারি খাদ্যশস্য পরিবহনের প্রমাণক হিসেবে খাদ্যশস্যবাহী ট্রাক/কাভার্ড ভ্যান এর সাথে প্রেরিত ভি-ইনভয়েস যাচাই করা যেতে পারে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৬-০৩-২০২৬

মোঃ জাহিরুল ইসলাম খান  
পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স : +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল : [dmss@dgfood.gov.bd](mailto:dmss@dgfood.gov.bd)

অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৬.২৯১/১ (৭)

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। ইন্সপেক্টর জেনারেল , পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৪।।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ৬। মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



*[Handwritten signature]*

১৬-০৩-২০২৬

মোঃ জহিরুল ইসলাম খান  
পরিচালক (চলতি দায়িত্ব)